

**বারিধারা ডিওএইচএস পরিষদ**  
**ঢাকা সেনানিবাস**


৬৫তম একজিকিউটিভ কমিটির সভার কার্যবিবরণী তারিখ ১৩ মার্চ ২০১৩ ইং।

- ১। একজিকিউটিভ কমিটির সভার সভাপতি ও ১২ জন সদস্যদের উপস্থিতিতে সভার কার্যক্রম শুরু হয়।
- ২। সেক্রেটারী সভার শুরুতে প্রেসিডেন্ট এবং সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।
- ৩। সভার শুরুতে লেঃ কর্ণেল এ এইচ এম রুহুল ইসলাম (অবঃ) পবিত্র কোরান তেলাওয়াত ও উহার তরজমা করেন।


| সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত   | কার্যক্রম              |
|---|------------------------|
| <p><u>আলোচ্যসূচী - ১ :</u> গত ১৪ ফেব্রুয়ারি ২০১৩ তারিখের একজিকিউটিভ কমিটির ৬৪তম সভার কার্যবিবরণী বিস্তারিতভাবে আলোচনা করা হয়।</p> <p><u>সিদ্ধান্ত :</u> কার্যবিবরণীর সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে পরিচালনা করায় সভাপতি সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করেন। কার্যবিবরণী অনুমোদনের জন্য মেজর আশরাফ কামাল (অবঃ) প্রস্তাব করেন এবং লেঃ কর্ণেল আব্দুল নূর খান (অবঃ) তা সমর্থন করেন।</p> | সেক্রেটারী             |
| <p><u>আলোচ্যসূচী - ২ :</u> কনভেনারগণ তাঁদের সাব-কমিটির বিভিন্ন কর্মকাণ্ডের বিষয়ে ইসির সদস্যদের অবহিত করেন।</p> <p><u>সিদ্ধান্ত :</u> উপস্থিত সকল সদস্য সাবকমিটির কর্মকাণ্ডে সন্তোষ প্রকাশ করেন।</p>  | কনভেনার<br>মসজিদ কমিটি |
| <p><u>আলোচ্যসূচী - ৩ :</u> ডিওএইচএস সাবস্ক্রিপশন ৫,০০০.০০ টাকার উর্দ্ধে বকেয়া থাকার বিষয়ে নিয়ে আলোচনা করা হয়।</p> <p><u>সিদ্ধান্ত :</u> সাবস্ক্রিপশন যাদের ৫,০০০.০০ ( পাঁচ হাজার) টাকার উপরে বকেয়া আছে তাদের নাম, বার্ষিক সাধারণ সভায় প্রকাশ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</p>   | ট্রেজারার              |
| <p><u>আলোচ্যসূচী - ৪ :</u> বারিধারা ডিওএইচএস পরিষদের সকল ব্যয় (Financial Exp) ট্রেজারার কর্তৃক ইসিতে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।</p> <p><u>সিদ্ধান্ত :</u> সভায় সর্ব-সম্মতিক্রমে সকল ধরনের ব্যয় অনুমোদিত হয়।</p>   | ট্রেজারার              |
| <p><u>আলোচ্যসূচী - ৫ :</u> আবেদনের পরিপেক্ষিতে বারিধারা ডিওএইচএস এলাকায় ফ্রি রান্না প্রশিক্ষণ সম্পর্কে অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা করা হয়।</p> <p><u>সিদ্ধান্ত :</u> বারিধারা ডিওএইচএস এলাকায় ২৩ মার্চ ২০১৩ তারিখে ফ্রি রান্নার প্রশিক্ষণ দেয়ার অনুমতি প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। লেডিস সাব-কমিটি আয়োজকের অনুরোধক্রমে প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে পারেন।</p>               | কনভেনার<br>লেডিস ক্লাব |
| <p><u>আলোচ্যসূচী - ৬ :</u> বারিধারা ডিওএইচএস পরিষদের বার্ষিক সাধারণ সভা (AGM) প্রস্তুতি নিয়ে আলোচনা হয়।</p> <p><u>সিদ্ধান্ত :</u> বারিধারা ডিওএইচএস এর বার্ষিক সাধারণ সভা (AGM) এর প্রস্তুতি নিয়ে আলোচনার জন্য আগামী ২৩ মার্চ ২০১৩ তারিখ শনিবার জরুরী ইসি সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>  | সেক্রেটারী             |

|  |           |
|--|-----------|
| <p><u>আলোচনাসূচী - ৭</u> : বারিধারা ডিওএইচএস পরিষদের সকল কর্মকর্তা/কর্মচারীর বোনাস প্রদানের বিষয় নিয়ে আলোচনা হয়।</p> <p><u>সিদ্ধান্ত</u> : বারিধারা ডিওএইচএস পরিষদের সকল কর্মকর্তা/কর্মচারীর ৬ মাস চাকুরী পূর্ণ হলে উক্ত কর্মকর্তা/কর্মচারী বোনাস পাওয়ার যোগ্য হবে। যোগ্যতা অর্জনের পূর্বে ঈদ/পর্ব সমাগম হলে তাকে সর্বসাকুল্যে ২,০০০.০০ (দুই হাজার) টাকা ঈদ/পর্ব পালনের জন্য প্রদান করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</p> | ট্রেজারার |
|--|-----------|

৪। সভাপতি মহোদয় মিটিংএ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।



কর্ণেল এম আব্দুল হাই  
সভাপতি  
তারিখ : ২১ মার্চ ২০১৩



ব্রিগেড-জেনারেল মোঃ ইসমাইল হোসেন  
সেক্রেটারী  
তারিখ : ১৯ মার্চ ২০১৩

কার্যক্রম :

সম্মানিত সকল ইসি সদস্য